

মৌসুমী ফল ও তুলার দরপত্র বিজ্ঞপ্তি

স্মারক নং-জেপদি/এক-০৯/২০২৫-২৬/২২০

তারিখঃ ২২/০২/২০২৬খ্রিঃ।


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলা পরিষদের মালিকানাধীন মৌসুমী ফল গাছের ফল ও শিমুল গাছের তুলা ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ৩(তিন) বছরের জন্য বিক্রয়ের নিমিত্তে আর্থহী ক্রেতাগণের নিকট হতে নিম্নলিখিত শর্ত ও সময়সূচী মোতাবেক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের সময়সূচী

বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দাখিলের তারিখ ও সময়	খোলার তারিখ ও সময়	ক্রয় ও দাখিলের স্থান
১	২	৩	৪
০১/০৩/২০২৬ বিকাল ৩.৩০ টা	০২/০৩/২০২৬ সকাল ০৯.০০টা - দুপুর ১.০০ টা পর্যন্ত	০২/০৩/২০২৬ বিকাল ৩.০০ টা।	জেলা পরিষদ, দিনাজপুর। জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
০৮/০৩/২০২৬ বিকাল ৩.৩০ টা	০৯/০৩/২০২৬ সকাল ০৯.০০টা - দুপুর ১.০০ টা পর্যন্ত।	০৯/০৩/২০২৬ বিকাল ৩.০০ টা।	জেলা পরিষদ, দিনাজপুর। জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
১৫/০৩/২০২৬ বিকাল ৩.৩০ টা	১৬/০৩/২০২৬ সকাল ০৯.০০টা - দুপুর ১.০০ টা পর্যন্ত।	১৬/০৩/২০২৬ বিকাল ৩.০০ টা।	জেলা পরিষদ, দিনাজপুর। জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।

শর্তাবলী :

- প্রতিটি গ্রুপের সিডিউল নগদ ২০০/- (দুইশত) টাকায় (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।
- দরপত্রের সাথে দরপত্র দাতার ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি সংযুক্তসহ, দরপত্র দাখিলের সময় দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) জামানত বি.ডি/পে-অর্ডার আকারে "প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর এর অনুকূলে দাখিল করতে হবে।
- দরপত্র গৃহীত হওয়ার তিন কার্যদিবসের মধ্যে দরপত্রের সমুদয় অর্থ, ১০% উৎসকর ও ১৫% ভ্যাট নগদ অথবা চালানোর মাধ্যমে জমা করে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন পূর্বক কার্যাদেশ গ্রহন করতে হবে। অন্যথায় বি.ডি/পে-অর্ডার বাজেয়াপ্ত করে পুনরায় দরপত্রের ব্যবস্থা গ্রহন করা হবে।
- দরপত্র গ্রহণের পর যদি কোন কারণে মৌসুমী ফল ও তুলার ক্ষতি হয় তৎজন্য এ পরিষদ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- নিলামযোগ্য ফল গাছ ও তুলার গাছের বিবরণ অফিস চলাকালীন সময়ে অফিস থেকে জানা যাবে।
- দরপত্রের কোন দফায় প্রদত্ত দর কম হলে কর্তৃপক্ষ তা গ্রহণ না করে সরাসরি স্পটে নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহন করতে পারবেন।
- দর উল্লেখের ক্ষেত্রে কোন প্রকার অস্পষ্টতা/কটাকটি থাকলে দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নির্ধারিত তারিখে দাখিলের জন্য বিক্রিত সিডিউল পরবর্তী দফার ক্ষেত্রে পুনঃ ব্যবহার যোগ্য হবে না। ১ম দফার দরপত্রে সন্তোষজনক দর পাওয়া না গলে একইভাবে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দফায় দরপত্র আহবানের কার্যক্রম চলমান থাকবে।
- কোন পর্যায়ের সিডিউল অন্য পর্যায়ে দাখিল করা যাবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষের সিদ্ধান্তই (দরপত্র সংক্রান্ত) চূড়ান্ত বলে গণ্য হবে।



প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, দিনাজপুর।

স্মারক নং-জেপদি/এক-০৯/২০২৫-২৬/২২০

তারিখঃ ২২/০২/২০২৬খ্রিঃ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- প্রশাসক, জেলা পরিষদ, দিনাজপুর।
- পুলিশ সুপার, দিনাজপুর।
- উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। নির্ধারিত তারিখে টেন্ডার বাস্তব স্থাপন, বিক্রিত সিডিউলের অর্থ, অবিক্রিত সিডিউল এবং গ্রহণকৃত দরপত্র নির্ধারিত তারিখে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ও পরিষদে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- উপজেলা নির্বাহী অফিসার, (সকল)..... উপজেলা, দিনাজপুর।
- নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এল.জি.ই.ডি/গণপূর্ত/পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর।
- বিভাগীয় বন কর্মকর্তা, দিনাজপুর।
- দারোয়ান-কাম-কেয়ারটেকার, ডাকবাংলো, দিনাজপুর।
- জনাব/মেসার্স..... দিনাজপুর।


প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, দিনাজপুর।